

যোগাযোগ বিভাগ
ডায়েরী নম্বরঃ ২৩২৭
তারিখঃ ৩১/০১/২০২১



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd
সদস্য (এটিএম) এর দপ্তর

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০৩.২০.১০০

তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১


বিষয়: স্থাপনা/ভবন নির্মাণে উচ্চতার ছাড়পত্র প্রসংগে।

সূত্র: (ক) নং-০৫.০১.০০০০.০৬১.১৮.১০৬.২০২০.২৩২২, তারিখঃ ১২/১১/২০২০খ্রিঃ।
(খ) নং-০৬.০৩.২৬০০.০১৯.০৮.০৩১.২০.০১৮/৪৬ক, তারিখঃ ২৯/১২/২০২০খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের বরাতে (সংশ্লিষ্ট অন্যান্য সরকারী সংস্থা/বিভাগের অনাপত্তি সাপেক্ষে) প্রস্তাবিত স্থানে তেজগাঁও বিমানবন্দরের OLS এর আলোকে ANO (AD) A1 এবং ICAO Annex-14 এর নিয়ম অনুযায়ী নিম্নেবর্ণিত ছকে প্রদর্শিত সর্বোচ্চ প্রাপ্য উচ্চতা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

ক্রমিক নং	স্থাপনা/ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান/জমির তফসিল	তেজগাঁও বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন হতে অনুমোদিত উচ্চতা
(ক)	ভৌগলিক স্থানাংক: ২৩ডিগ্রী ৪৪মিনিট ৫১.০০সেকেন্ড উত্তর, ৯০ডিগ্রী ২৩মিনিট ৫৩.০০সেকেন্ড পূর্ব, মৌজা-বড়মগবাজার, এস,এ দাগ নং-৫২৪, আর,এস দাগ নং-১৮৩৭, সিটি জরিপ দাগ নং-৪৯২৩, আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র, ৪৯, নিউ ইন্সটন, থানা-রমনা, জেলা-ঢাকা।	১৫০(একশত পঞ্চাশ)ফুট

- ০২। স্থাপনা/ভবন নির্মাণে নির্মাণকারী ব্যক্তি/গোষ্ঠী/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত শর্ত সমূহ অবশ্যই পালন করতে হবে:
- (ক) স্থাপনা/ভবনের সিঁড়িঘর, জলাধার, লিফট, এন্টেনা (যদি থাকে), খুঁটি, প্রতিবন্ধক বাতি ইত্যাদিসহ মোট উচ্চতা অনুমোদিত উচ্চতার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- (খ) নির্মাণ কাজের জন্য ক্রেন বা তদজাতীয় কোন যন্ত্রপাতি ব্যবহার করলে সেগুলোও উক্ত উচ্চতার মধ্যে সীমিত রাখতে হবে।
- (গ) স্থাপনা/ভবনের চুড়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) লাল প্রতিবন্ধক বাতি সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত এবং খারাপ আবহাওয়ায় জ্বালিয়ে রাখতে হবে।
- ০৩। তেজগাঁও বিমানবন্দরের এরোড্রাম এলিভেশন (Mean Sea Level হতে উচ্চতা)-কে ভিত্তি বিবেচনায় উক্ত স্থানে অবকাঠামো নির্মাণের প্রাপ্য উচ্চতা নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্মাণ স্থানের এলিভেশন ২৪ ফুটের অতিরিক্ত হলে, অতিরিক্ত উচ্চতা অত্র পত্রের মাধ্যমে প্রদত্ত উচ্চতা হতে বাদ দিয়ে প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ০৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থা প্রস্তাবিত স্থানে উপরোক্ত শর্তাবলীর আলোকে অনুমোদিত উচ্চতার মধ্যে স্থাপনা/ভবন নির্মাণ সীমিত রাখা নিশ্চিত করতে হবে।
- ০৫। সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd)-এ প্রকাশিত অনুমোদিত উচ্চতার ছাড়পত্রটি যাচাই করণের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/নকশা অনুমোদনকারী সংস্থাকে অনুরোধ করা যাচ্ছে।



২৮-১-২০২১

মোঃ মাসুদ রানা

উপ-পরিচালক (এটিএস)

উপ-পরিচালক, আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৪৯, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.১৪৪.০২.০০৩.২০.১০০/১(৬)

তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)


✓ ২) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩) পরিচালক (এটিএস), অপারেশন ব্রাঞ্চ, বিমান বাহিনী সদরদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৪) পরিচালক (প্রশাসন/এসটিএন্ডআরসি), বিপিএটিসি, সাভার, ঢাকা।

৫) পরিচালক (উন্নয়ন), বিপিএটিসি, সাভার, ঢাকা।

৬) উপপরিচালক (অর্থ), বিপিএটিসি, সাভার, ঢাকা।



২৮-১-২০২১

মোঃ মাসুদ রানা

উপ-পরিচালক (এটিএস)